# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2017**

**FIRST YEAR [BATCH 2016-19]**

**BENGALI (General)**

**Paper : II**

Date : 24/05/2017

Time : 11 am – 2 pm

Full Marks : 75

১। ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্য কত প্রকারের হয়? বিভিন্ন প্রকারের মহাকাব্যের বৈশিষ্ট্য আলোচনা করো। একটি সার্থক বাংলা মহাকাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (২ + ২ + ৪ + ৭)

**অথবা**

খ) ট্র্যাজেডি কাকে বলে? ট্র্যাজেডির মূল ধারাগুলি উল্লেখ করো এবং যে কোনো একটি বাংলা ট্র্যাজেডি নাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (৩ + ৫ + ৭)

২। ক) বাংলা সাময়িক পত্রের ইতিহাসে 'সম্বাদ প্রভাকর' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

**অথবা** (১৫)

খ) বাংলা সাহিত্যের বিকাশে 'সবুজপত্র' পত্রিকার অবদান আলোচনা করো।

৩। টীকা লেখো (যে কোনো **দুটি**) ঃ (২ × ৫)

ক) যমক

খ) রূপক

গ) শ্লেষ

ঘ) উৎপ্রেক্ষা

৪। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো **দুটি**) ঃ (২ × ৫)

ক) দেহ দীপধারে জ্বলিত লেলিহ যৌবন জয়শিখা।

খ) পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।

গ) নামজাদা লেখকের বই বাজারে কম কাটে, কাটে বেশি পোকায়।

ঘ) ধরণী এগিয়ে এসে দেয় উপহার,
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।

৫। ভাবসম্প্রসারণ করো (যে কোনো **একটি**) ঃ (১ × ১০)

ক) পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।

খ) যত বড় হোক ইন্দ্রধনু সে
সুদূর আকাশে আঁকা।
আমি ভালোবাসি মোর ধরণীর
প্রজাপতিটির পাখা।

৬। ক) পূর্বরাগ কাকে বলে? এই পর্যায়ের বৈশিষ্ট্য উল্লেখ করে তোমার পাঠ্য পূর্বরাগের পদের কাব্যসৌন্দর্য বিচার করো। (৫ + ১০)

**অথবা**

খ) 'কন্টক গাড়ি কমলসম পদতল'—পদটির রচয়িতা কে? এই পদটি অবলম্বনে সংশ্লিষ্ট পর্যায়ের রস সৃষ্টিতে পদকর্তার কৃতিত্ব বিচার করো। (১ + ১৪)

———— × ————